

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, শেরেবাংলা নগর
আগারগাঁও, ঢাকা-১২০৭।



নং ৫৭.১৭.০০০০.১০২.২৩.০০৬.১৭-২৭৬

তারিখ: ১২ আগস্ট ২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর ০৭-০৮-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক স্বাধীনতার মহান ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

ক্রম	কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
ক	জাতীয় পতাকা অর্ধনমিতকরণ	১৫ আগস্ট ২০১৮ ব্যবহার বিধি ও জাতীয় পতাকার মাপ অনুযায়ী সূর্যোদয়ের সাথে সাথে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ রাখবে।	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রশাসন বিভাগ, নিরাপত্তা শাখা
খ	১৫ আগস্ট ২০১৮ সকাল ৯.৩০ মিনিট থেকে ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও বিকাল ৩.০০ টায় ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট আলোচনা সভা।	১৫ আগস্ট ২০১৮ সকাল ৯.৩০ মি. মধ্যে বোর্ডে আগমন এবং ধানমন্ডিছ ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন উপলক্ষে যাত্রা। বোর্ডের নিয়মিত ৫০ জন কর্মকর্তা-কর্মচারি এ অনুষ্ঠানে আবশ্যিক ভাবে উপস্থিত থাকবেন। এ দিন বিকাল ৩.০০ ঘটিকায় ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট-এ “জাতীয় শোক দিবসের আলোচনা” সভায় বোর্ডের নিয়মিত ১০০ জন কর্মকর্তা-কর্মচারি আবশ্যিক ভাবে উপস্থিত থাকবেন।	পরিচালক (কারিকুলাম) কারিকুলাম বিভাগ
গ	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে বাদ যোহর বিশেষ মোনাজাত, দোয়া মাহফিল ও দুঃস্থদের মধ্যে খাবার বিতরণ।	১৫ আগস্ট ২০১৮ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নতুন ভবনে বাদ যোহর জনাব নুরুল ইসলাম নাহিদ, মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর নেতৃত্বে জাতির পিতার রুহের মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল এবং দুঃস্থদের মধ্যে খাবার বিতরণ। এ অনুষ্ঠানে বোর্ডের সকল শ্রেণির কর্মকর্তা-কর্মচারিদের অবশ্যিক ভাবে উপস্থিত থাকার নির্দেশনা দেওয়া হলো এবং অত্র বোর্ড এ্যাফিলিয়েটেড ঢাকাছ সকল প্রতিষ্ঠান প্রধানগণকে আমন্ত্রণ জানানো হলো।	প্রশাসন বিভাগ ও কারিকুলাম বিভাগ
ঘ	বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী কারাগারের রোজনামাচা গ্রন্থ দুটি ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক ২৬টি গ্রন্থ সংগ্রহ ও সংরক্ষণ।	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড লাইব্রেরী এবং চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে ১ সেট উল্লিখিত গ্রন্থ সংরক্ষণ।	ডকুমেন্টেশন অফিসার কারিকুলাম বিভাগ

স্বাক্ষরিত/-

(মোঃ মাহাবুবুর রহমান)
সচিব

তারিখ: ১২ আগস্ট ২০১৮ খ্রিঃ

নং ৫৭.১৭.০০০০.১০২.২৩.০০৬.১৭-২৭৬ (১২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল।

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২-৫। পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সকল কর্মকর্তা-কর্মচারি, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৯। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। সেকশন অফিসার (প্রশাসন) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। সংশ্লিষ্ট নথি।

(মোঃ নূর-এ-ইলাহী)
উপ-সচিব (প্রশাসন)